

আবার যদি ইচ্ছা কর আবার আসি ফিরে  
দুঃখসুখের-চেউ-খেলানো এই সাগরের তীরে ॥  
আবার জলে ভাসাই ভেলা, ধুলার 'পরে করি খেলা গো,  
হাসির মায়ামৃগীর পিছে ভাসি নয়ননীরে ॥  
কাঁটার পথে আঁধার রাতে আবার যাত্রা করি,  
আঘাত খেয়ে বাঁচি নাহয় আঘাত খেয়ে মরি।  
আবার তুমি ছদ্মবেশে আমার সাথে খেলাও হেসে গো,  
নূতন প্রেমে ভালোবাসি আবার ধরণীরে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Kalingara  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail